

উপজেলা পরিষদ কার্যালয়
ফুলগাজী, ফেনী

উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	ঃ জনাব আবুল আলম আজমীর ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ ফুলগাজী, ফেনী।
সভার স্থান	ঃ ভাইস চেয়ারম্যান-এর দপ্তর, ফুলগাজী, ফেনী।
সভার তারিখ	ঃ ০৫/৬/২০২২ খ্রিঃ।
সময়	ঃ সকাল ১০.০০ ঘটিকা।
উপস্থিতি	ঃ পরিশিষ্ট 'ক' ত্রুটব্য

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি মহোদয় অদ্যকার সভার সদস্য সচিব উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলগাজী কে সভার কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ করেন।

সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম নং	আলোচনা	সিদ্ধান্ত
১	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে উপজেলা পরিষদ থেকে প্রশিক্ষণ মূলক বিভিন্ন প্রকল্প হাতে নিচ্ছে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণের আইসিটি শিক্ষণ বিষয় প্রকল্প বাস্তবায়ন করা গেলে বর্তমান সময়ের সাথে তা খুবই মানানসই হয় এতে ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে বাংলাদেশ সরকার যে কাজ করছে তা এগিয়ে নেবার ক্ষেত্রে যথেষ্ট সহায়ক হবে। তিনি আরও জানান যে, ফেনী জেলার ফুলগাজী উপজেলার অধিকাংশ বিদ্যালয়ে মাল্টিমিডিয়া শ্রেণিকক্ষ ও প্রয়োজনীয় আইটি উপকরণ সংকট আছে। মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্ন ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে মাল্টিমিডিয়া শ্রেণিকক্ষ নির্মাণ এখন সময়ের দাবী। মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে তিনি নিম্নোক্ত অবকাঠামো উন্নয়ন ও আসবাবপত্র সরবরাহের প্রস্তাব করেন। মাল্টিমিডিয়া শ্রেণিকক্ষ নির্মাণ ও আইটি উপকরণ সরবরাহকরণ এবং এ প্রকল্প গ্রহণের জন্য প্রস্তাব করা হলো।	প্রকল্প প্রস্তাব উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হল।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(আবুল আম আজমীর)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটি
ফুলগাজী, ফেনী।

পরিশিষ্ট - "ক"





মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সংক্রান্ত কমিটির

সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষর :

সভাপতি : জনাব আবুল আলম আজমীর, উপজেলা ডাইস-চেয়ারম্যান, ফুলগাজী, ফেনী।

সভার স্থান : উপজেলা ডাইস-চেয়ারম্যান মহোদয়ের কার্যালয়, ফুলগাজী, ফেনী।

সভার তারিখ : ০৫/০৬/২০২২ খ্রিঃ সময়ঃ সকাল ১০:০০ টা.

ক্রঃ	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব আবুল আলম(আজমীর), উপজেলা ডাইস চেয়ারম্যান, ফুলগাজী	সভাপতি	
২	উপজেলা প্রাথমিক কর্মকর্তা, ফুলগাজী, ফেনী।	সদস্য	
৩	চেয়ারম্যান, জি এম হাট ইউনিয়ন পরিষদ	সদস্য	
৫	উপজেলা কৃষি অফিসার, ফুলগাজী, ফেনী।	সদস্য	
৮	উপজেলা মাধ্যমিক অফিসার, ফুলগাজী, ফেনী।	সদস্য সচিব	